

DEPARTMENT OF HISTORY
B.A. HONOURS MODEL QUESTION
SEMESTER – 3
CORE COURSE – V

প্রশ্নমানঃ ৩/২

- ১। বিজয়নগর প্রশাসনে প্রচলিত 'নায়নকার' প্রথা কি ?
- ২। বিজয়নগর রাজ্যের 'নায়ক' কারা ?
- ৩। বিজয়নগর সাম্রাজ্যে আগত দুজন পর্তুগীজ পর্যটকের নাম লেখ।
- ৪। বাহমনি সাম্রাজ্য ভেঙে জন্মলাভ করা পাঁচটি মুসলিম রাজ্যের নাম লেখ।
- ৫। আইগা প্রথা কি ?
- ৬। 'রাওয়াজ-উল-ইনশা' এবং 'দেওয়ান-ই-আরশা' গ্রন্থ দুটি কার রচনা ?
- ৭। 'অমুক্তমাল্যদা' কে রচনা করেন ? এটি কোন ভাষায় রচিত ?
- ৮। কাদের 'গুণরাজ খাঁ' ও 'সত্যরাজ খাঁ' উপাধি প্রদান করা হয়েছিল ?
- ৯। 'কাট্রাজ' কী ?
- ১০। বিজয়নগর ও বাহমনি রাজ্যের মধ্যে সংঘাতের অর্থনৈতিক কারণ কি ছিল ?
- ১১। কে 'বিদ্যাসুন্দর কাব্য' রচনা করেন, এর পৃষ্ঠপোষক কে ছিলেন ?
- ১২। মামুদ গাওয়ান কে ছিলেন ?
- ১৩। ১৩৯৮ খ্রীষ্টাব্দে তৈমুর এর ভারত অভিযানের তাৎক্ষণিক প্রভাব কি ছিল ?
- ১৪। কে, কখন, কার কাছ থেকে 'গুণরাজ খাঁ' উপাধি লাভ করেন ?
- ১৫। বৃহস্পতি মিশ্র কে ছিলেন ?
- ১৬। বাবরের ভারত আক্রমণের সাফল্যের প্রধান কারণ কি ছিল ?
- ১৭। দৌলত খাঁ লোদীর 'অপেক্ষা ও পর্যবেক্ষণ' যুদ্ধকৌশল নীতির অর্থ কি ?
- ১৮। কে, কবে সৈয়দ বংশের প্রতিষ্ঠা করেন ? এই বংশের শেষ সুলতান কে ?
- ১৯। আগ্রা শহর কে, কবে প্রতিষ্ঠা করেন ?
- ২০। খানুয়ার যুদ্ধের গুরুত্ব কী ছিল ?

- ২১। চৌসার যুদ্ধ কবে, কাদের মধ্যে হয়েছিল ?
- ২২। ‘খত’ ও ‘মুকাদম’ কি ?
- ২৩। বাবর ও হুমায়ূনের রাজত্বকাল জানার তিনটি সাহিত্যিক উপাদানের নাম কর।
- ২৪। ‘খারাজ’ ও ‘জাকাত’ এর সংজ্ঞা দাও।
- ২৫। জিজিয়া কি ?
- ২৬। কনৌজের যুদ্ধ কবে, কাদের মধ্যে হয়েছিল ?
- ২৭। দাদুদয়াল কে ছিলেন ?
- ২৮। বাংলায় প্রতিষ্ঠিত প্রথম মুসলিম স্থাপত্য কি ? এটি কোথায় অবস্থিত ?
- ২৯। সুফিবাদ বলতে কি বোঝ।
- ৩০। তিনটি সুফি শিলসিলার নাম লেখ ?

প্রশ্নমানঃ ৫

- ১। বিজয়নগর – বাহমনি রাজ্যের সংঘর্ষের কারণ ব্যাখ্যা কর।
- ২। আদিনা মসজিদের স্থাপত্যগত বৈশিষ্ট্য কি ছিল ?
- ৩। শেরশাহের রাজত্ব সংস্কার সংক্ষেপে লেখ।
- ৪। হুসেনশাহী বংশের রাজত্বকালে বাংলা সাহিত্যের বিকাশ সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।
- ৫। সুলতানি যুগে বাংলায় হিন্দু-মুসলিম সাংস্কৃতিক সমন্বয়ের উপর একটি টীকা লেখ।
- ৬। লোদি বংশের শ্রেষ্ঠ সুলতান কে ? তার অবদান কি ছিল ?
- ৭। সুলতানি যুগের অভ্যন্তরীণ বাণিজ্যের গতিপ্রকৃতি ব্যাখ্যা কর।
- ৮। সুলতানি আমলে উৎপাদন ব্যবস্থায় কারখানার ভূমিকা লেখ।
- ৯। আফগান ও রাজপুতদের বিরুদ্ধে বাবরের সাফল্যকে তুমি কি ভাবে ব্যাখ্যা করবে ?
- ১০। শেরশাহের শাসন ব্যবস্থার প্রধান বৈশিষ্ট্যগুলি কি ?
- ১১। দিল্লী সুলতানি কি ‘ধর্মাশ্রয়ী রাষ্ট্র’ ছিল ?
- ১২। সামাজিক ক্ষেত্রে সহিষ্ণুতা ও সমন্বয় এর প্রসারে সুফীদের অবদান ব্যাখ্যা কর।
- ১৩। খলিফার সঙ্গে দিল্লীর সুলতানদের সম্পর্ক কেমন ছিল ?

১৪। ‘সুলতানি যুগের আকবর’ কাকে বলা হয়? কেন বলা হয়?

১৫। মহম্মদ-বিন-তুঘলকের ব্যর্থতার কারণ উল্লেখ কর।

প্রশ্নমানঃ ১০

১। বিদেশী পর্যটকদের অনুসরণে বিজয়নগর রাজ্যের অর্থনৈতিক ও সামাজিক অবস্থা সম্বন্ধে আলোচনা কর।

২। বাংলার সমাজ ও রাজনীতিতে হুসেনশাহী বংশের রাজত্বের প্রভাব আলোচনা কর।

৩। ইজ্জা ব্যবস্থার বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।

৪। সুলতানি যুগের নগরায়ন প্রক্রিয়া ব্যাখ্যা কর।

৫। ভক্তি কি? ত্রয়োদশ থেকে ষোড়শ শতক পর্যন্ত ভক্তি আন্দোলনের গতিপ্রকৃতি ব্যাখ্যা কর।

৬। ভারতে ইন্দো-ইসলামীয় শিল্প স্থাপত্যের উৎপত্তি ও বিকাশ আলোচনা কর।

৭। গিয়াসউদ্দিন বলবনের রাজত্বকাল থেকে আলাউদ্দিন খলজির রাজত্বকাল পর্যন্ত কীভাবে রাজতন্ত্রের আদর্শের বিকাশ ঘটে?

৮। আলাউদ্দিন খলজির অর্থনৈতিক নীতি পর্যালোচনা কর।

৯। মহম্মদ-বিন-তুঘলকের নীতিগুলি মূল্যায়ন কর।

১০। দিল্লী সুলতানির পতনের কারণ উল্লেখ কর।